**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন সব সম্প্রদায়, সব অংশের মানুষকে সঙ্গে নিয়ে উন্নয়নের যে ধারা অব্যাহত রেখেছেন প্রধানমন্ত্রী, রাজ্য সরকারও সেই লক্ষ্যে কাজ করছে ।**

**(২) ই গভর্নেন্স পরিষেবা প্রদানে সাফল্যের জন্য ভারত সরকারের প্রশাসনিক সংস্কার ও জনঅভিযোগ বিভাগ থেকে বিশেষ সম্মানে ভূষিত হয়েছে জিরানিয়া মহকুমার পশ্চিম মজলিশপুর গ্রাম পঞ্চায়েত ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের ভাবনগরে ৩৪,২০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়নমূলক কাজের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন ।**

**(৪) সন্তোষ দেবরায় স্মৃতি নক-আউট প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে তাপস টপ টেন ব্রাদার্স ।**

**************************************

**CM-BLOOD DONATION :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন সব সম্প্রদায়, সব অংশের মানুষকে সঙ্গে নিয়ে উন্নয়নের যে ধারা অব্যাহত রেখেছেন প্রধানমন্ত্রী, রাজ্য সরকারও সেই লক্ষ্যে কাজ করছে। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে সেবা পক্ষের অঙ্গ হিসেবে প্রদেশ বিজেপি ওবিসি মোর্চার উদ্যোগে আজ আগরতলা প্রেসক্লাবে রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন সরকার প্রয়োজনের ভিত্তিতে স্বচ্ছতার সঙ্গে মানুষের উন্নয়নে কাজ করছে। মন কি বাত অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী মানুষের কথা শুনেন। তিনি বলেন সবকা সাথ সবকা বিকাশ এই মন্ত্রে

বিশ্বাসী সরকারের প্রতি মানুষের আস্থা ভরসা রয়েছে। রাজ্যের ৪০ শতাংশ ওবিসি সম্প্রদায় ভুক্ত মানুষ রয়েছেন। তাদের সমস্যা সমাধানে সরকার যথাসাধ্য চেষ্টা করছে। রাজ্যে এখন পর্যন্ত 19 হাজার ৪00 চাকরি হয়েছে, তার মধ্যে ওবিসি রাও আছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ওবিসি কল্যাণ দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা, ওবিসি মোর্চার রাজ্য সভানেত্রী মলিনা দেবনাথ। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, কর্পোরেটর রত্না দত্ত, ওবিসি মোর্চার চেয়ারম্যান মৃণাল কান্তি নাথ সহ অন্যান্যরা।

***************************

**National AWARD TO WEST MAJLISHPUR for e- governance :**

ই গভর্নেন্স পরিষেবা প্রদানে সাফল্যের জন্য ভারত সরকারের প্রশানিক সংস্কার ও জনঅভিযোগ বিভাগ থেকে বিশেষ সম্মানে ভূষিত হয়েছে জিরানিয়া মহকুমার পশ্চিম মজলিশপুর গ্রাম পঞ্চায়েত। জনগণকে খুব দ্রুত সেবা প্রদান বা ই পরিষেবা প্রদানে সাফল্যের নিরিখেই এই পঞ্চায়েতকে জাতীয় পুরস্কারের জন্য বেছে নেওয়া হয়েছে। জিরানিয়া ব্লকের অধীনে রয়েছে ১৯টি গ্রাম পঞ্চায়েত। প্রতিটি পঞ্চায়েতেই ইন্টারনেট পরিষেবা রয়েছে। ফলে ROR থেকে জন্মের প্রমাণপত্র ও অন্য জরুরি নথিপত্র প্রদানে ডিজিট্যাল মাধ্যমকে কাজে লাগানো হচ্ছে। ব্লক আধিকারিক তুষার আলম মজলিশপুর পঞ্চায়েতের এই সম্মান প্রাপ্তিতে সন্তোষ ব্যক্ত করেছেন।

#####Byte- Tusar Alam####

***************************

**Mahalaya :**

আগামীকাল মহালয়া। দেবিপক্ষের সূচনা। আগামীকাল অনেকেই ভোর থেকে বিভিন্ন জলাশয়ে পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ করবেন। আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে আগামীকাল ভোর ৪টায় মহিষাসুর মর্দিনী অনুষ্ঠান প্রচারিত হবে।

*****************************

**Voice Over-SEVA PARV-2025(M.O.C.) :**

ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রক, ১৭ সেপ্টেম্বর থেকে আগামী দোসরা অক্টোবর পর্যন্ত দেশব্যাপী সেবা, সৃজনশীলতা এবং সাংস্কৃতিক গর্বের উৎসব হিসেবে সেবা পর্ব ২০২৫ উদযাপন করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ২০৪৭-এ বিকশিত ভারত গড়ার ভাবনায় পরিচালিত, সেবা পর্বের লক্ষ্য হল সম্প্রদায়, প্রতিষ্ঠান এবং ব্যক্তিকে সেবা, সৃজনশীলতা এবং সাংস্কৃতিক গর্বের সম্মিলিত আন্দোলনে নিয়ে আসা। একটি প্রতিবেদন।

######VC#####

******************************************

**Poshan Maah :**

রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে পোষণ মাস অভিযানের অঙ্গ হিসেবে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনায় অংশ নিয়ে রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা বলেন দেশের মানুষ সবসময় নারীশক্তির পাশে রয়েছে। নারীদের জন্য দেশের মানুষ যুদ্ধ থেকে শুরু করে বহু আন্দোলন করেছে। তিনি আরও বলেন, মা ও শিশুর স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বাড়াতে পোষণ মাস অভিযান শুরু হয়েছে। সেমিনারের মুল ভাবনা হচ্ছে তেল, লবন এবং চিনির সেবন কমিয়ে স্বাস্থ্যকর জীবন যাপন করা। শ্রীমতি দেববর্মা বলেন, আমাদের সমাজে নারীরা  সংসারে রান্নার ঘরের দায়িত্বে থাকেন। এই কারনে সুস্থ থাকতে কিভাবে এবং কি কি রান্না করতে হয় এটা তাঁরা জানেন। আলোচনা করেন ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি ডাঃ অভিজিৎ সরকার, নরসিংগড়ের আধুনিক মানসিক হাসপাতালের চিকিৎসক ডাঃ কৌশিক নন্দী, চিকিৎসক ডাঃ শুভদীপ পাল, যোগ প্রশিক্ষক রেশমিতা রায় প্রমুখ।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM-Gujarat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের ভাবনগরে ৩৪,২০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়নমূলক কাজের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। 'সমুদ্র থেকে সমৃদ্ধি' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, জনগণের কাছ থেকে প্রাপ্ত স্নেহ, শক্তির এক বিরাট উৎস। তিনি উল্লেখ করেন, দেশে বিশ্বকর্মা জয়ন্তী থেকে গান্ধী জয়ন্তী পর্যন্ত অর্থাৎ ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত সেবা পক্ষ পালন করা হচ্ছে। তিনি বলেন, অসংখ্য শহরে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে লক্ষ লক্ষ নাগরিক সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন। শ্রী মোদী দেশজুড়ে পরিষেবা কার্যক্রমের সঙ্গে জড়িত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী দেশকে আত্মনির্ভর করে গড়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেন।

#####Byte-PM####

উল্লেখ্য, সামুদ্রিক ক্ষেত্রে সুদূরপ্রসারী ভাবনায় প্রধানমন্ত্রী আজ ৩৪,২০০ কোটি টাকারও বেশি মূল্যের সামুদ্রিক ক্ষেত্রে যুক্ত একাধিক উন্নয়ন প্রকল্পের

উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এরমধ্যে রয়েছে ইন্দিরা ডকে মুম্বাই আন্তর্জাতিক ক্রুজ টার্মিনালের উদ্বোধন, কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দরে একটি নতুন কন্টেনার টার্মিনাল এবং সংশ্লিষ্ট সুবিধার ভিত্তিপ্রস্তর স্থাপন, পারাদ্বীপ বন্দরে নতুন কন্টেনার বার্থ, কার্গো হ্যান্ডলিং সুবিধাসহ বিভিন্ন উন্নয়ন ব্যবস্থাপনা ইত্যাদি।

*****************************

**Voice Over-GST reforms-automobile sector :**

কর কাঠামো সরলীকরণ এবং নাগরিকদের উপর আর্থিক বোঝা কমানোর লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ বছর স্বাধীনতা দিবসের ভাষণে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার ঘোষণা করেছেন। নতুন করের হার আগামী সোমবার থেকে কার্যকর করা হবে। আজ, আমরা অটোমোবাইল শিল্পেরউপর এই সংস্কারগুলির সম্ভাব্য প্রভাবের দিকে নজর দেব।

######VC######

*****************************

**Mega Legal Services Camp :**

ঊনকোটি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে ও জেলা প্রশাসনের সহযোগিতায় আজ কৈলাশহরের মনুভ্যালি স্কুল মাঠে মেগা আইনী পরিসেবা শিবির অনুষ্ঠিত হয়। জেলাশাসক ডক্টর তমাল মজুমদার শিবিরের উদ্বোধন বলেন, বিনামূল্যে আইনীসেবার সাংবিধানিক সুবিধা সুযোগ সম্পর্কে নাগরিকদের অবহিত হতে হবে। বাল্যবিবাহ ও নেশার বিরুদ্ধে ব্যাপক জনমত সৃষ্টির উপর তিনি গুরুত্ব আরোপ করেন তিনি। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট জুমিলি দেববর্মা, কৈলাশহরের SDM বিপুল দাস, চন্ডীপুর ব্লকের BDO দেবপ্রিয়া দাস প্রমুখ। এখানে বিভিন্ন সরকারি দপ্তরের মোট ২৫টি মন্ডপে সরকারি বিভিন্ন প্রকল্প ও যোজনা সহ বিভিন্ন পরিসেবা নাগরিকদের মধ্যে প্রদান করা হয়। তাছাড়া বিভিন্ন সার্টিফিকেট সহ মঞ্জুরীপত্র ইত্যাদি বিতরণ করা হয়।

****************************

**SNSPA, Health Camp :**

সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান কর্মসূচীতে আজ দক্ষিণ জেলার মাইছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে মেগা স্পেশালিস্ট স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। দক্ষিন জেলা হাসপাতাল ও ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশন ত্রিপুরা শাখার বিশেষজ্ঞ চিকিৎসকরা ১৯৩ জন রোগীকে চিকিৎসা বিষয়ক পরামর্শ প্রদান করেন। শিবিরে এক্স-রে, রক্তচাপ, ডায়াবেটিস, ক্যান্সার স্ক্রিনিংসহ একাধিক পরীক্ষা এবং বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। একই সঙ্গে আয়োজিত রক্তদান শিবিরে ১২ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**Football :**

সন্তোষ দেবরায় স্মৃতি নক-আউট প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে তাপস টপ টেন ব্রাদার্স। রানার্স হয়েছে এবং সী যাচাই দল। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের কিনাইরচর মাঠে ফাইন্যাল ম্যাচের উদ্বোধন করেন। তিনি বলেন, ত্রিপুরা ক্রীড়াক্ষেত্রে এগিয়ে যাচ্ছে। রাজ্য সরকার খেলাধুলোর পরিকাঠামোগত বিকাশে আন্তরিকতার সঙ্গে কাজ করছে।কুড়িটি ঘাসের মাঠ ও তেরোটি সিন্থেটিক মাঠ তৈরীর কাজ চলছে।

উল্লেখ্য, গত পনেরোই আগষ্ট থেকে আয়োজিত এই টূর্ণামেন্ট মোট ৩২টি দল অংশ নেয়। আজ ফাইন্যাল ম্যাচে বিজয়ী দল, এক -শূণ্য গোলের ব্যবধানে জয়লাভ করে। প্রাইজমানি হিসাবে চ্যাম্পিয়ন দল ট্রফিসহ ৬৫ হাজার এবং রানার্স দল ট্রফি সহ ৫০ হাজার টাকা পেয়েছে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩.৪ মিলিমিটার।

***************************